# আসন্ন নির্বাচনের আগে ২ হাজার এএসআই নিয়োগ দেবে পুলিশ: আইজিপি



সংগৃহীত ছবি

আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের আগে পুলিশ বাহিনীতে মোট ৪ হাজার সহকারী উপ-পরিদর্শক (এএসআই) নিয়োগ দেওয়া হবে বলে জানিয়েছেন পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) বাহারুল আলম। এর মধ্যে ২ হাজার জনকে সরাসরি নিয়োগ এবং বাকি ২ হাজার জনকে পদোন্নতির মাধ্যমে আনা হবে।

আজ বুধবার (৩ সেপ্টেম্বর) সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে আইজিপি এ তথ্য জানান।

আইজিপি বলেন, "আমরা দ্রুত এই নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে চাই। আমরা ৮ হাজার এএসআই চেয়েছিলাম, কিন্তু আপাতত ৪ হাজার পদের অনুমোদন পেয়েছি। আশা করি বাকি পদগুলোও পরবর্তীতে অনুমোদন পাবে।"

LENS ASIA